

হঠাতে দেখা

আদনান সৈয়দ

তোমার সাথে হঠাতে দেখা
ছোট নদীর বাঁকে
খোপায় ছিল রক্ত জবা
কলসী ছিল কাখে ।

পড়েছিলে ঢাকাই শাড়ি
হাতে ছিল চুড়ি
সিঁদুর মাথা আকাশ ছিল
কিয়ে আহামরি!

তোমার চোখে ছিল সখী
প্রেমের মাদকতা
শান্ত নদী ব্যস্ত শহর
ভাঙলো নীরবতা ।

ডাগর ডাগর সেই চোখেতে

পুড়লো আমার চোখ

আকাশ নদী গাঁথছে সবাই

ভালোবাসার শোক।

কোথায় তুমি হারিয়ে গেলে

কেন পাহাড়ের গায়

কোথায় পারো তোমায় খুজে

মন করে হায় হায়।

(ঢাকা ৩/৭/০৭)